# 33613 - কোরবানীর পশু জবাই করার দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধির জন্য যিলহজ্জ মাসের দশদিন মাথার চুল কাটা গুনাহের কাজ নয়

প্রশ্ন

যদি কেউ আমাকে তার কোরবানীর পশু জবাই করার দায়িত্ব দেয় সেক্ষেত্রে যিলহজ্জ মাসের দশদিন আমার জন্যে কি আমার চুল কাটা জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

হ্যাঁ, আপনার জন্য সেটা জায়েয হবে। কেননা চুল ও নখ কাটা হারাম বিশেষভাবে কোরবানীকারী ব্যক্তির উপর। কোরবানীকারী হচ্ছে যিনি পশুটির মালিক। আর যিনি পশুটি জবাই করার দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি তার উপর এগুলো কিছু অনিবার্য নয়।

শাইখ বিন বায (রহঃ) বলেন:

"প্রতিনিধিদের উপর কোন কিছু আবশ্যক নয়। কেননা তারা নিজেরা কোরবানীকারী নয়। বরং যারা তাদেরকে দায়িত্ব দিয়েছেন তারাই হচ্ছেন কোরবানীকারী।"[সমাপ্ত]

[ফাতাওয়া ইসলামিয়্যা (২/৩১৬)]